

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৩০৩৫

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৮. প্রথম অনুচ্ছেদ - কুড়িয়ে পাওয়া দ্রব্য-সামগ্রী

بَابُ اللَّقْطَةِ

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عُثْمَانَ التَّيْمِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنْ لَقْطَةِ الْحَاجِّ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৩০৩৫-[৩] 'আব্দুর রহমান ইবনু 'উসমান আত্ তায়মী হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাজীদের হারানো কোনো প্রকার জিনিস উঠাতে নিষেধ করেছেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৭২৪, আবু দাউদ ১৭১৯, আহমাদ ১৬০৭০, সহীহ ইবনু হিব্বান ৪৮৯৭৬, সহীহ আল জামি' ৬৯৭৯, মুসতাদরাক লিল হাকিম ২৩৭৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (نَهَى عَنْ لَقْطَةِ الْحَاجِّ) “হারানো বস্তুর মালিক হওয়ার উদ্দেশে তা গ্রহণ করা” সম্পর্কে নিষেধ করেছেন। পক্ষান্তরে শুধু সংরক্ষণের জন্য হারানো বস্তু গ্রহণ করতে কোনো নিষেধাজ্ঞা নেই। আর এটা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অপর হাদীসে অন্য একটি উক্তির মাধ্যমে স্পষ্ট করে দিয়েছেন। আর তা হলো (وَلَا تَحِلُّ إِلَّا لِمُنْشِدٍ) অর্থাৎ- হারানো বস্তু কুড়ানো কারো জন্য বৈধ হবে না, তবে যে ঘোষণা দেয়ার উদ্দেশে গ্রহণ করবে তার জন্য বৈধ। (শারহে মুসলিম ১১/১২শ খন্ড, হাঃ ১৭২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68362>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন